দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 4 JUN 1989
পৃষ্ঠা ২ ৭ কলাম

94

## প্রাথমিক স্কুল স্থানান্তর প্রসঙ্গে

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন কায়েতপাড়া ইউনিয়নের পশ্চিমগাঁও গ্রামের পুরাতন প্রাথমিক বিদ্যালয়টি পার্শ্বের গ্রাম চনপাড়ায় স্থানান্তরিত হওয়ার ব্যাপারটি উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরীভূত হইলে কর্তৃপক্ষ বিদ্যালয়টির স্থানান্তর আদেশ স্থগিত করিয়া উপজেলা শিক্ষা অফিসারের প্রতি বদলীকৃত শিক্ষকবৃন্দকে পূর্বের স্কুলে কাজ করিবার আদেশ দেওয়া সত্ত্বেও উপজেলা শিক্ষা অফিসার আজ অবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেন নাই। উপজেলা পর্যায়ে এই ব্যাপারটি নিয়া যথেষ্ট গড়িমসি করা হইতেছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মো: আবুল কালাম, পশ্চিমগাঁও, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

## মহিলা মাদ্রাসা চাই

ধর্মীয় শিক্ষাই আমাদের নৈতিক চরিত্র গঠনের একমাত্র পাথেয়। শিক্ষা প্রত্যেক নর-নারীর জন্য অবশ্য কর্তব্য। নারীদের ধর্মীয় শিক্ষার জন্য অনেক জেলাতে মহিলা মাদ্রাসা গড়িয়া উঠিয়াছে। কিন্তু টাঙ্গাইল জেলায় এখন পর্যন্ত কোন মহিলা মাদ্রাসা স্থাপন করা হয় নাই। মেয়েদেরকে মাদ্রাসায় পড়ানোর ইচ্ছা থাকা সত্ত্বেও মহিলা মাদ্রাসার অভাবে তাহা সম্ভব হইতেছে না। অতএব টাঙ্গাইল জেলা সদরে একটি মহিলা মাদ্রাসা স্থাপনের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতেছি।

—মো: নূরুল ইসলাম, সুরা বাড়ী, টাঙ্গাইল।

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রসঙ্গে

আনন্দের বিষয় ঢাকা ও চট্টগ্রামে ইতিমধ্যেই প্রাইভেট মেডিকেল কলেজ চালু হইয়াছে। ইহাতে অনেক ছাত্রের বহুদিনের লালিত স্বপ্ন বাস্তবায়িত হইয়াছে। প্রাইভেট মেডিকেল কলেজের পাশাপাশি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইলে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির উপর চাপ কম পড়িবে। ছাত্ররা পছন্দ মাফিক বিষয়ে পড়াশুনা করিতে পারিবে।

—ডা: মোহাম্মদ জয়নুল আবেদীন, কেরানীহাট, সাতকানিয়া, চট্টগ্রাম।